দেশের স্বাস্থ্য ব্যবস্থা ভেঙে পড়েছে : জাফরুল্লাহ

দেশের টোটাল স্বাস্থ্য ব্যবস্থা ভেঙে পড়েছে বলে মন্তব্য করেছেন গণস্বাস্থ্য কেন্দ্রের প্রতিষ্ঠাতা ও ট্রাস্টি ডা. জাফরুল্লাহ চৌধুরী।

বুধবার ধানমণ্ডির গণস্বাস্থ্য নগর হাসপাতালে প্লাজমা ও ব্লাড ডোনেশন সেন্টারে সদ্য করোনা মুক্ত হয়ে প্লাজমা ডোনেট করতে আসেন বিএনপির সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য ব্যারিস্টার রুমিন ফারহানা। এসময় ডা. জাফরুল্লাহ দেশের সার্বিক করোনা পরিস্থিতি সাংবাদিকদের সঙ্গে কথা বলেন।

এসময় হাসপাতালের মাইক্রোবায়ালজি বিভাগের অধ্যাপক মাহাবুবুর রহমান, প্যাথলজি ডিপার্টমেন্টর প্রধান গোলাম মোহাম্মদ কোরাইশি, গণস্বাস্থ্য কেন্দ্রের প্রেস উপদেষ্টা মোহাম্মদ জাহাঙ্গীর আলম মিন্টু, গণস্বাস্থ্য নগর হাসপাতালের পরিচালক, প্রশিক্ষণ ও সনোলজিস্টি মোহাম্মদ শওকত আলী আরমান প্রমুখ উপস্থিত ছিলেন।
ডা. জাফরুল্লাহ বলেন, রুমিন ফারহানা এখনো পুরো সুস্থ না, তবুও তিনি প্লাজমা দিতে এসেছেন। এটা চমৎকার ব্যাপার। আমরা গৌরব বোধ করছি রুমিন নিজ থেকে এটা করেছেন। আমরা তার সাথে কোনো যোগাযোগ করিনি। তিনি খুব সজাগ একজন নাগরিক যিনি জনগণের জন্য এতোটাই ভাবেন। রুমিন ফারহানা একটা চমৎকার উদাহরণ সৃষ্টি করেছেন।

তিনি বলেন, আমি চাই করোনা থেকে সুস্থ অন্য এমপিরাও প্লাজমা দানে এগিয়ে আসবেন। যারা করোনা আক্রান্ত নন তারাও নিয়মিত রক্তদানে এগিয়ে আসতে পারেন।

তিনি আরও বলেন, দেশে প্লাজমা সংগ্রহ এখনো পর্যাপ্ত না। তাই প্রতিটি করোনা আক্রান্ত মানুষকে প্লাজমা দানে এগিয়ে আসতে হবে। একজন মানুষের প্লাজমা দিয়ে ৫ জন রোগীকে চিকিৎসা দেয়া যায়।

রুমিন ফারহানা বলেন, করোনা লুকিয়ে রাখার বিষয় না। সে কারণে করোনা পজিটিভ জানার সাথে সাথে আমি ফেসবুকে সেটা জানিয়েছি। দেশের সব মিডিয়ার সাংবাদিক ভাইয়েরা সেটা নিয়ে সংবাদ করে সবাইকে জানিয়েছেন। এতে আমার আমার প্রতিবেশী এবং আমার সাথে যাদের

যোগাযোগ করার কথা তারা সতর্ক থাকতে পেরেছেন।

তিনি আরও বলেন, করোনার শুরু থেকেই আইসিইউ-ভেন্টিলেটর দূরেই থাকুক সরকারি হাসপাতালগুলোতে পর্যাপ্ত অক্সিজেনও নেই। প্লাজমা থেরাপির মাধ্যমে রোগীদের যদি আইসিইউ পর্যন্ত যেতে না হয়, বা রেমডিসিভির এর মত দামি ওষুধ নিতে না হয় তাহলে সেটাও অনেক বড় একটা প্রাপ্তি।

আমি বিশ্বাস করি করোনা থেকে সেরে ওঠা প্রতিটা মানুষ যদি অন্য কোনো বড় অসুস্থতায় আক্রান্ত না থেকে থাকেন তাহলে প্লাজমা দেয়া তাদের কর্তব্য। আমি সেই কর্তব্যটিই পালন করতে এসেছি। আমার জেনে খুব ভালো লাগছে এই রক্ত দিয়ে ৫ জন গুরুতর অসুস্থ করোনা রোগী উপকৃত হবেন।

আমি আশা করি, করোনা থেকে সেরে ওঠা প্রতিটি মানুষ প্লাজমা দেবেন। এই ভয়ঙ্কর মহামারীর সময় সরকার আমাদের পাশে দাঁড়ায়নি, তাই আমাদের সকলের উচিত নিজেদের পাশে দাঁড়ানো।

সূত্র- বিডি প্রতিদিন

গাংনী পৌরসভাসহ ২৩৪ টিতে ভোট ডিসেম্বরে

দেশের ২৩৪ পৌরসভায় ভোট অনুষ্ঠিত হতে পারে আগামী ডিসেম্বরেই। নির্বাচন কমিশন (ইসি) ডিসেম্বরকে মাথায় রেখেই প্রস্তুতি নিয়ে এগুচ্ছে। এই লক্ষ্যে ইসি সচিবালয়কে প্রয়োজনীয় নির্দেশনা দিয়েছে কমিশন। রোববার অনুষ্ঠিত কমিশন সভায় এই নির্দেশনা দেওয়া হয় বলে জানা গেছে।

বৈঠক সূত্রে জানা যায়, ওই সভায় পৌরসভা নির্বাচনের বিষয়টি এজেন্ডাভুক্ত না হলেও বিষয়টি নিয়ে আলোচনা হয় এবং পৌরসভাগুলোর নির্বাচনের সময় হওয়ায় নভেম্বর-ডিসেম্বরে সাধারণ নির্বাচন আয়োজনে নীতিগত সিদ্ধান্ত নেওয়া হয়। এর আগে গত ১০ আগস্টের কমিশন সভায়ও

একই ধরনের সিদ্ধান্ত হয়।

যে ২৩৪টি পৌরসভায় ভোটের চিন্তা ইসির:নির্বাচন কমিশন দেশের ২৩৪টি পৌরসভায় ভোটগ্রহণের চিন্তা করছে। তবে এই সংখ্যা কম বা বেশিও হতে পারে। যেসব পৌরসভায় ভোট অনুষ্ঠানের সম্ভাবনা রয়েছে সেগুলো হলো, টাঙ্গাইল সদর, ধনবাড়ী, মধুপুর, মির্জাপুর, ভুঞাপুর, সখিপুর, গোপালপুর, কালীহাতি, জামালপুর সদর, সরিষাবাড়ী, মেলান্দহ, ইসলামপুর, মাদারগঞ্জ, দেওয়ানগঞ্জ, শেরপুর সদর, নকলা, নালিতাবাড়ী, শ্রীবরদী, ময়মনসিংহের মুক্তাগাছা, গৌরীপুর, ঈশ্বরগঞ্জ, ত্রিশাল, ভালুকা, গফরগাঁও, নান্দাইল, ফুলপুর, ফুলবাড়িয়া, নেত্রকোনা সদর, মদন, মোহনগঞ্জ, দুর্গাপুর, কেন্দুয়া, কিশোরগঞ্জ সদর, কুলিয়ারচর, হোসেনপুর, কটিয়াদী, বাজিতপুর, ভৈরব, করিমগঞ্জ, মানিকগঞ্জ সদর, সিংগাইর, মুন্সীগঞ্জ সদর, মিরকাদিম, ঢাকার ধামরাই, সাভার, নরসিংদী সদর, মাধবদী, মনোহরদী, নারায়ণগঞ্জের সোনারগাঁ, তারাবো, রাজবাড়ী সদর, পাংশা, গোয়ালন্দ, ফরিদপুরের বোয়ালমারী, নগরকান্দা, গোপালগঞ্জ সদর, টুঙ্গীপাড়া, মাদারীপুর সদর, কালকিনি, শিবচর, শরীয়তপুর সদর, নড়িয়া, ডামুড্যা, জাজিরা, ভেদরগঞ্জ পৌরসভা।

ব্রাহ্মণবাড়িয়ার আখাউড়া, কুমিল্লার চান্দিনা, লাকসাম, দাউদকান্দি, বরুড়া, চৌদ্দগ্রাম, হোমনা, চাঁদপুরের হাজীগঞ্জ, ছেংগারচর, ফরিদগঞ্জ, কচুয়া, মতলব, ফেনী সদর, দাগনভুইঞা, পরশুরাম, নোয়াখালীর বসুরহাট, চৌমুহনী, হাতিয়া, চাটখিল, লক্ষ্মীপুরের রামগঞ্জ, রামগতি, রায়পুর, চট্টগ্রামের সন্দীপ, বাঁশখালী, চন্দনাইশ, সাতকানিয়া, মীরসরাই, বারাইয়ারহাট, পটিয়া, রাউজান, রাঙ্গুনিয়া, সীতাকুণ্ডু, খাগড়াছড়ি সদর, মাটিরাঙা, রাঙামাটি সদর, বান্দরবান সদর ও লামা পৌরসভা।

মেহেরপুরের গাংনী, কুষ্টিয়া সদর, মিরপুর, ভেড়ামারা, কুমারখালী, খোকসা, খুলনার পাইকগাছা, দাকোপের চালনা, চুয়াডাংগা সদর, দর্শনা, জীবননগর, আলমডাঙ্গা, ঝিনাইদহের কোটচাঁদপুর, মহেশপুর, হরিণাকুণ্ডু, শৈলকূপা, যশোর সদর, নওয়াপাড়া, মনিরামপুর, বাঘারপাড়া, চৌগাছা, কেশবপুর, নড়াইল সদর, কালিয়া, বাগেরহাট সদর, মোড়েলগঞ্জ, মাগুরা সদর, সাতক্ষীরা সদর ও কলারোয়া পৌরসভা।

চাঁপাইনবাবগঞ্জ সদর, রহনপুর, শিবগঞ্জ, নাচোল, জয়পুরহাট সদর, আক্কেলপুর, কালাই, নওগাঁ সদর, নজিপুর, নাটোর সদর, সিংড়া, বড়াইগ্রাম, নলডাঙ্গা, গোপালপুর, গুরুদাসপুর, পাবনা সদর,

ভাঙ্গুড়া, ঈশ্বরদী, চাটমোহর, সাঁথিয়া, সুজানগর, ফরিদপুর, বগুড়া সদর, শেরপুর, সারিয়াকন্দি, গাবতলী, সান্তাহার, কাহালু, ধুনট, নন্দীগ্রাম, শিবগঞ্জ, রাজশাহী জেলার কাঁকনহাট, আড়ানী, মুন্ডুমালা, কেশরহাট, গোদাগাড়ী, তাহেরপুর, ভবানীগঞ্জ, তানোর, কাটাখালী, চারঘাট, দুর্গাপুর, পুঠিয়া, নওহাটা, সিরাজগঞ্জ সদর, শাহজাদপুর, উল্লাপাড়া, রায়গঞ্জ, বেলকুচি ও কাজিপুর পৌরসভা।

ঝালকাঠির নলছিটি, পিরোজপুর সদর, স্বরূপকাঠি, পটুয়াখালীর কলাপাড়া, কুয়াকাটা, বরগুনা সদর, বেতাগী, পাথরঘাটা, বরিশালের মুলাদী, গৌরনদী, মেহেন্দীগঞ্জ, বানারীপাড়া, বাকেরগঞ্জ, উজিরপুর, ভোলা সদর, বোরহানউদ্দিন, দৌলতখান।

সুনামগঞ্জ সদর, ছাতক, জগন্নাথপুর, দিরাই, সিলেটের জকিগঞ্জ, কানাইঘাট, গোলাপগঞ্জ, মৌলভীবাজার সদর, কমলগঞ্জ, কুলাউড়া, বড়লেখা, হবিগঞ্জ সদর, নবীগঞ্জ, চুনারুঘাট, মাধবপুর ও শায়েস্তাগঞ্জ পৌরসভা।

কুড়িগ্রাম সদর, নাগেশ্বরী, উলিপুর, গাইবান্ধা সদর, গোবিন্দগঞ্জ, সুন্দরগঞ্জ, পঞ্চগড় সদর, ঠাকুরগাঁও সদর, পীরগঞ্জ, রানীশংকৈল, দিনাজপুর সদর, ফুলবাড়ী, বীরগঞ্জ, বিরামপুর, হাকিমপুর, নীলফামারী জেলার সৈয়দপুর, জলঢাকা, পঞ্চগড় সদর, রংপুরের বদরগঞ্জ, লালমনিরহাট সদর ও পাটগ্রাম পৌরসভা।

মেহেরপুরে ফেন্সিডিলসহ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরের গাংনীতে ৭০ বোতল ফেন্সিডিলসহ শাহিনুর রহমান সবুজ
(২৭) নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে ডিবি পুলিশ। বুধবার সকালে এস আই অজয় কুমার কুন্ডুর নেতৃত্বে অভিযান চালিয়ে গাংনীর বামন্দি থেকে তাকে আটক করা হয়।

আটক শাহিনুর রহমান সবুজ কুষ্টিয়া মিরপুরের আটিগ্রামের হাবিবুল ইসলামের ছেলে।

ডিবি পুলিশের ওসি জুলফিকার আলী বিষয়টি নিশ্চিত করে জানান, আটক আসামী বিরুদ্ধে গাংনী থানায় একটি নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়েছে।

মেপ্র/এমএফআর

কোটচাঁদপুরে দুই চাউল ব্যবসায়ীকে ১১ হাজার টাকা জরিমানা

ঝিনাইদহের কোটচাঁদপুর শহরে প্লাস্টিকের বস্তায় চাউল বিক্রি ও লাইসেন্স নবায়ন না করার দায়ে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে দুই ব্যবসায়ীকে ১১ হাজার টাকা জরিমানা আদায় করা হয়েছে।

মঙ্গলবার দুপুরে কোটচাঁদপুর উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট আসাদুজ্জামান রিপনের নেতৃত্বে শহরের লক্ষ্মী চাউল ভাণ্ডারে অভিযান চালানো হয়।

এ সময় ব্যবসায়ী দীপঙ্কর অধিকারীকে প্লাস্টিকের বস্তায় চাউল বিক্রির দায়ে ৪ হাজার টাকা ও মেসার্স একতা ট্রেডার্সের মালিক রতন সাহা কে লাইসেন্স নবায়ন না থাকায় ৭হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

পরবর্তীতে ভ্রাম্যমাণ আদালত উভয়ের চাউলের গোডাউনে তল্লাশি চালান।

এ সময় খাদ্য পরিদর্শক নাঈমুল হাসান মোহাম্মদ আব্দুল্লাহ ও উপজেলা খাদ্য কর্মকর্তা আব্দুল আজিজসহ থানা পুলিশের একটি টিম উপস্থিত ছিলেন।

হাসাদাহে ইসলামী ব্যাংকের এজেন্ট ব্যাংকিং শাখার উদ্বোধন

চুয়াডাঙ্গা জেলার জীবননগর উপজেলার হাসাদাহ বাজারে ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেডের এজেন্ট ব্যাংকিং শাখার উদ্বোধন হয়েছে। গতকাল মঙ্গলবার সকাল ১০ ঘটিকার সময় এ শাখার উদ্বোধন করা হয়।

ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেডের জীবননগরের শাখা ব্যবস্থাপক নজরুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান আলহাজ হাফিজুর রহমান হাফিজ।

বিশেষ অতিথি হিসেবে আরো উপস্থিত ছিলেন সেলিম মোল্লা (ওসি অপারেশন, জীবননগর থানা), চুয়াডাঙ্গা জেলা পরিষদের ১৪নং ওয়ার্ড সদস্য শফিকুল আলম নান্নু, জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস ছালাম ঈসা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়শা সুলতানা লাখি, ডাকসু সদস্য ফরিদা পারভিন প্রমুখ।

উক্ত উদ্বোধনী অনুষ্ঠানে এজেন্ট ব্যাংকিং শাখার অ্যাঞ্জেল ট্রেডার্সের মাহাবুর রহমান উপস্থিত সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন। অনুষ্ঠানটি সার্বিক পরিচালনায় ছিলেন হাসাদাহ শাখার ম্যানেজার মশিউর রহমান আনন্দ।

বামন্দীতে বিট পুলিশিং কার্যক্রমের উদ্বোধন

“বিট পুলিশিং বাড়ি বাড়ি নিরাপদ সমাজ গড়ি” এই স্লোগানকে সামনে রেখে জন-গনের দোর গোড়ায় পুলিশি সেবা পৌছে দিতে বামন্দীতে বিট

পুলিশিং কার্যক্রমের উদ্বোধন করা হয়েছে। গতকাল মঙ্গলবার বিকেলে গাংনী উপজেলার বামন্দী পুলিশ ক্যাম্পে বিট পুলিশিং কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করেন গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ওবাইদুর রহমান।

এসময় উপস্থিত ছিলেন গাংনী থানার (ওসি) তদন্ত সাজেদুল ইসলাম, বামন্দী পুলিশ ক্যাম্পের এএসআই হেলাল উদ্দিন,বামন্দী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শহিদুল ইসলাম বিশ^◌াস, বামন্দী ইউপি সদস্য কামাল হোসেন সহ স্থানীয় গন্যমান্য ব্যাক্তি বর্গ। বিট পুলিশিং কার্যক্রম সম্পর্কে স্থানীয়দের মাঝে ব্যাপক আলোচনা করেন গাংনী থানার (ওসি) তদন্ত সাজেদুল ইসলাম।

বামন্দী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শহিদুল ইসলাম বিশ^◌াস তার বক্তব্য বলেন, পুলিশের এমন উদ্যোগে সাধান মানুষ যেমন উপকৃত হবে, তেমনি সমাজে ঘটে যাওয়া ছোট খাট অপরাধ গুলো কমে যাবে।

প্রধান অতিথি হিসেবে গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ওবাইদুর রহমান বলেন, বিট পুলিশিং কার্যক্রমের ফলে এখন থেকে আর সাধারন মানুষকে কষ্ট করে থানায় যেতে হবে না। বিট পুলিশি দায়িত্বে থাকা পুলিশ কর্মকর্তারা স্থানীয়দের নিয়ে আলোচনার মাধ্যমে ছোট খাট বিষয় গুলো সমাধান করতে পারবেন।

যে সমস্যা গুলো বিট পুলিশিং এর মাধ্যমে সমাধান হবে না সেগুলোর বিষয়ে থানার অফিসার ইনচার্জ দেখভাল করবেন। এর ফলে মানুষ পুলিশের সেবা বাড়িতে বসেই পাবে। এখন ইউনিয়ন পর্যায়ে বিট পুলিশিং কার্যক্রম শুরু হলেও পর্যায় ক্রমে ওয়ার্ড কিংবা গ্রাম পর্যায়ে বিট পুলিশিং কার্যক্রম চালু করা হবে।

গাংনীর সার ব্যবসায়ী নুরুজ্জামানের বিরুদ্ধে ২৬

লক্ষ টাকা আত্মসাতের অভিযোগ

মেহেরপুরের গাংনী উপজেলার এফএমজি ট্রেডার্স এর স্বাত্তাধীকারি নুরুজ্জামানের বিরুদ্ধে ২৬ লাখ টাকা আত্মসাতের অভিযোগ করেছে অপর এক ব্যবসায়ী একরামুল। সার কেনা বাবদ ২৬ লাখ টাকা জামানকে দিয়ে পথে বসেছে ব্যবসায়ী একরামুল। টাকা দেওয়ার তিন বছর পার হলেও সার বা টাকা কোন কিছুই ফেরত দেয়নি জামান। গাংনী পৌরসভার ৩ নং ওয়ার্ডের মৃত আজিম উদ্দিন শেখ এর ছেলে নুরুজ্জামান।

ভুক্তভোগী ব্যবসায়ী একরামুল সদর উপজেলার রামদাসপুর গ্রামের মৃত একতার আলীর ছেলে। তিনি জানান, ২০১৭ সালে ২৩ মে, ৪ হাজার বস্তা বেঙ্গল মিশ্র সার কেনার জন্য ব্যাংক চেকের মাধ্যমে ২০ লাখ টাকা আমি নুরুজ্জামানকে দিই। নুরুজ্জামানের ভাই কামালের নামে ব্যাংক চেকটি ইস্যু করি। ঐ দিন কাথুলী ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান রানার ঘরে বসে তার উপস্থিতিতে জামান ও কামালের হাতে চেকটি তুলে দিই। দুইদিন পর ২৫ মে, আরও ৬ লাখ টাকা নুরুজ্জামানের ব্যবসা প্রতিষ্ঠানে গিয়ে দিয়ে আসি। কিন্ত পরবর্তিতে সার না দিয়ে সে বিভিন্ন তালবাহানা করতে থাকে। চাপাচাপি করে ৪শ বস্তার মতো সার পেয়েছি, যার মূল্য ২ লাখ ৭০ হাজার টাকা। বাকি টাকার সার চাইলে সে না দিয়ে বিভিন্ন ভাবে বিষয়টি এড়িয়ে যাওয়ার চেষ্টা করে। টাকা ফেরত চাইতে গেলে সে আমাকে বিভিন্ন ভয়ভীতি দেখায়।
নুরুজ্জামানের মেঝোভাই ব্যবসায়ীক পার্টনার কামাল টাকা নেওয়ার কথাটি স্বিকার করে জানান, আমি ২৩ মে, মিজানুর রহামান রানার উপস্থিতিতে চেকটি নিয়ে আসি। পরে সেটি ক্যাশ করে ভায়ের কাছে দিই।

এ বিষয়ে কাথুলী ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান রানা জানান, একরামুল ব্যবসায়ীক কাজে নুরুজ্জামানের কাছে টাকাটা দেয়। কামালের নামে চেক ইস্যু করে। চেকটি দেওয়ার সময় আমি উপিস্থিত ছিলাম।

এফএমজি ট্রেডার্সের স্বত্তাধীকারি নুরুজ্জামান জানান, আমাকে চেকটি দিয়েছে রানা। আমি রানার কাছে বেশ কিছু টাকা পাবো। সে হিসেবে চেকের ২০ লাখ টাকা রানার নামে খাতায় জমা করেছি।

মেহেরপুরে আজ নতুন করে করোনা আক্রান্ত হয়েছে ২৯ জন

মেহেরপুরে আজ নতুন করে ২৯ জন করোনায় আক্রান্ত হয়েছেন। এ নিয়ে জেলায় মোট আক্রান্ত হলেন ৪৮৩ জন।
আজ সন্ধা ৬ টার সময় মেহেরপুরের সিভিল সার্জন ডা.নাসির উদ্দিন বিষয়টি নিশ্চিত করেছেন।

তিনি জানান, আজ প্রাপ্ত ৮০টি রিপোটের মধ্যে ২৯ টি পজিটিভ। এর মধ্যে সদর উপজেলায় ২৪টি, গাংনীতে ৩টি এবং মুজিবনগরে ২টি। এ পর্যন্ত মোট প্রাপ্ত রিপোর্টের সংখ্যা- ৩২৪৬ টি।

মেহেরপুর জেলায় বর্তমানে আক্রান্ত রয়েছেন ১৭৩ (সদর-১১০, গাংনী- ৪৬, মুজিবনগর -১৭) জন। এ পর্যন্ত জেলায় করোনা আক্রান্ত হয়ে মৃত্যু হয়ে- ১০ জন। (সদর-৫, গাংনী- ৪, মুজিবনগর -১)। সুস্থ হয়েছেন ২৬৭ জন । অন্যত্র ট্রান্সফার্ড করা হয়েছে ২৯ জনকে।

নমুনা ৩৪৩৮+৩৫ সদর ও হাসপাতাল ৪+১৯= ২৩, গাংনী-১০, মুজিবনগর-২। ফলাফল- ৩১৬৬+৮০= ৩২৪৬টি। পজিটিভ-২৯টি (সদর-২৪, গাংনী-৩, মুজিবনগর-২)। বর্তমানে পজিটিভ সংখ্যা ১৭৩, সদর ১১০, গাংনী ৪৬, মুজিনগর ১৭। মৃত্যু ১০, সুন্ত ২৬৭, ট্রান্স ২৯।

গাংনী-৩
কাজীর মোড় চৌগাছা- নুরুল ইসলাম (৭০), বামুন্দী- সাবিত হাসান (৫), মালশদাহ-আসাদুজ্জামান (৪৬)

মুজিবনগর-২ জন
এ্যাম্বুলেন্স ড্রাইভার হসপিটাল- আঃ রাজ্জাক (৩৮), বাগোয়ান-সুজন (২৫)

মেহেরপুর সদর ২৪ জন
মল্লিকপাড়া- অনন্ত কুমার সাহা, দিঘিরপাড়া- আতিয়ার, রাধাকান্তপুর- আতাহার আলী, বারাদী – লালমতি, হোটেল বাজার – গুল মহাম্মদ, রাইপুর – আলতাব উদ্দীন, স্টেডিয়াম পাড়া – আব্দুস সামাদ, বন বিভাগপাড়া – আশরাফ আলী, ঈদগা পাড়া – রোকেয়া বেগম,

সদর হসপিটাল- শারমিন আক্তার, স্পেডিয়াম পাড়া-সফিকুল ইসলাম, ঘোষপাড়া- ইউনুস মাষ্টার, চাঁদবিল- আবুল কাশেম, গোভীপুর-সফিকুল ইসলাম, হালদার পাড়া -তপন কুমার সাহা, আমঝুপী – তুহিন আলী, পুরাতন পোষ্ট অফিস পাড়া-মনোয়ারা বেগম, লিজা

প্রাথমিক সমাপনী-ইবতেদায়ী (পিইসি) পরীক্ষা বাতিল

এ বছর পঞ্চম শ্রেণির প্রাথমিক শিক্ষা সমাপনী (পিইসি) ও মাদ্রাসা শিক্ষা বোর্ডের ইবতেদায়ী পরীক্ষা হচ্ছে না। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের এমন প্রস্তাবে সম্মতি দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

মঙ্গলবার দুপুরে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সূত্রে এ তথ্য জানা গেছে। করোনাভাইরাস পরিস্থিতিতে এই সিদ্ধান্ত নেয়া হয়েছে।

মন্ত্রণালয়ের সিনিয়র সচিব আকরাম আল হোসেন এ বিষয়ে সাংবাদিকদের ব্রিফ করবেন।

গত মঙ্গলবার সপ্তাহে প্রাথমিক শিক্ষা সমাপনী ও ইবতেদায়ী পরীক্ষা বাতিলে সারসংক্ষেপ প্রধানমন্ত্রী কার্যালয়ে পাঠানো হয়। এতে এই দুই পরীক্ষার পরিবর্তে স্কুল ও মাদ্রাসায় শিক্ষার্থীদের মূল্যায়নের প্রস্তাব রাখা হয়েছে। পাশাপাশি পরীক্ষা বাতিল করা হলে এ বছরের জন্য মেধাবৃত্তিও না দেয়ার প্রস্তাব করা হয়েছে।

প্রধানমন্ত্রীর কার্যালয় পরীক্ষা বাতিলের প্রস্তাবে সম্মতি দিয়ে সেটি আজ মন্ত্রণালয়ে পাঠিয়েছে।

পিইসি ও ইবতেদায়ী পরীক্ষা এ বছরের জন্য বাতিল করে সময় থাকলে স্কুলে ও মাদ্রাসায় বার্ষিক পরীক্ষা নেয়ার প্রস্তাব প্রধানমন্ত্রীর কার্যালয়ে পাঠানোর বিষয়টি নিশ্চিত করেছিলেন প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী মো. জাকির হোসেন। তিনি গত মঙ্গলবার যুগান্তরকে বলেছিলেন, প্রস্তাব অনুমোদন পেলে এ

ব্যাপারে পরবর্তী পদক্ষেপ নেয়া হবে। তবে সম্ভব হলে স্কুলগুলোতে ছাত্র-ছাত্রীদের ক্লাস ও বার্ষিক পরীক্ষা নেয়া হবে। আমরা অটো পাস না দেয়ার চিন্তাই করছি।

উল্লেখ্য, মহামারি করোনাভাইরাসের কারণে গত ১৮ মার্চ থেকে শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ আছে। প্রধানমন্ত্রীর কাছে পাঠানো প্রস্তাবে মন্ত্রণালয় বলেছে, ১৮ মার্চ থেকে শিক্ষাপ্রতিষ্ঠানে ছুটি থাকায় ৩১ আগস্ট পর্যন্ত মোট ৭১টি কর্মদিবস নষ্ট হচ্ছে। এতে শিক্ষার্থীদের ৪০৬টি বিষয়ভিত্তিক পাঠদান ক্ষতিগ্রস্ত। ১ জানুয়ারি থেকে ১৭ মার্চ পর্যন্ত সিলেবাসের মাত্র ৩০ থেকে ৩৫ শতাংশ পড়ানো সম্ভব হয়েছে। পাঠ্যবইয়ের অবশিষ্ট অংশ শেষ করতে কমপক্ষে ৫০ কর্মদিবস দরকার। নভেম্বর-ডিসেম্বর মাসে পাঠদান কার্যক্রম চালানো সম্ভব হলেও ৫০ কর্মদিবস পাওয়া যাবে না।

এতে আরও বলা হয়, করোনাভাইরাসের বিদ্যমান প্রাদুর্ভাবে সেপ্টেম্বর মাসে শিক্ষা প্রতিষ্ঠান খুলে দেয়া সম্ভব হবে কিনা সে সিদ্ধান্ত এখনো নেয়া হয়নি। খুলে দেয়া হলে অভিভাবকরা তাদের সন্তানদের স্কুলে নাও পাঠাতে পারেন। জাপান, দক্ষিণ কোরিয়া ও দক্ষিণ আফ্রিকায় শিক্ষাপ্রতিষ্ঠান খুলে দেয়ার পর ভাইরাস পরিস্থিতিতে পুনরায় বন্ধ করে দিতে হয়েছে। অন্যদিকে, করোনাভাইরাস প্রাদুর্ভাবের পর টেলিভিশনে পাঠদানের ব্যবস্থা করা হয়েছে। কিন্তু সমীক্ষায় দেখা গেছে, মাত্র ৫৬ শতাংশ শিক্ষার্থী টেলিভিশন পাঠদানের সুযোগটি গ্রহণ করতে সক্ষম হয়েছে। সম্প্রতি বেতারে পাঠদান কার্যক্রম শুরু হয়েছে। এতে ৯৭ দশমিক ৬ শতাংশ শিক্ষার্থী পাঠদানের আওতায় আসতে পারে। এছাড়া ৭৬ শতাংশ শিক্ষক শিক্ষার্থীদের সঙ্গে লেখাপড়ার বিষয়ে কথা বলতে পেরেছে।

এদিকে স্কুল-কলেজে আরও ছুটি বাড়ানোর চিন্তাভাবনা করছে সরকার। করোনাভাইরাস পরিস্থিতি স্বাভাবিক না হওয়ায় বর্তমান ছুটি শেষে এটি আরও বাড়ানো হতে পারে। নতুন করে আরও ১৫ দিন ছুটি বাড়ানো হতে পারে বলে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় থেকে জানা গেছে। সূত্র-যুগান্তর

করোনায় মেহেরপুরের বাবলু স্টুডিওর মালিক রফিকুর রহমান বাবলু’র মৃত্যু

মেহেরপুরের বড়বাজার বিশিষ্ট ব্যবসায়ী বাবলু স্টুডিওর মালিক রফিকুর রহমান বাবলু (৬৭) আজ ১২:০৫ মিনিটে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে ইন্তেকাল করেছে। উনার বিভিন্ন শারীরিক জটিলতা সহ করোনা পজিটিভ রোগীর ছিলেন।

রফিকুর রহমান বাবলু বড়বাজারের সিরাজুল ইসলামের ছেলে।

গত ৭ আগস্ট মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় করোনা আক্রান্ত হন।শারীরিক অবস্থার অবনতি হলে ১২ আগস্ট রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে স্থানান্তর করা হয়। সেখানে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

মৃত্যুকালে স্ত্রী এক ছেলে ও এক মেয়েসহ অসংখ্য গুণগ্রহী রেখে গেছেন ।